

আল-লাইল | Al-Lail | اللَّيْلُ

আয়াতঃ ৯২ : ১৮

আরবি মূল আয়াত:

الَّذِي يُؤْتِي مَالَهُ يَتَزَكَّى ﴿١٨﴾

অনুবাদসমূহ:

যে তার সম্পদ দান করে আত্ম-শুদ্ধির উদ্দেশ্যে, — আল-বায়ান

যে পবিত্রতা অর্জনের উদ্দেশ্যে নিজের ধন-সম্পদ দান করে, — তাইসিরুল

যে স্বীয় সম্পদ দান করে আত্মশুদ্ধির উদ্দেশ্যে, — মুজিবুর রহমান

[He] who gives [from] his wealth to purify himself — Sahih International

১৮. যে স্বীয় সম্পদ দান করে আত্মশুদ্ধির জন্য(১),

(১) এতে সৌভাগ্যশালী মুত্তাকীদের প্রতিদান বর্ণিত হয়েছে। অর্থাৎ যে ব্যক্তি আল্লাহর তাকওয়া শক্তভাবে অবলম্বন করে এবং একমাত্র আল্লাহর পথে নিজের গোনাহ থেকে বিশুদ্ধ হওয়ার উদ্দেশ্যে ব্যয় করে, তাকে জাহান্নামের আগুন থেকে দূরে রাখা হবে।

তাফসীরে জাকারিয়া

১৮। যে আত্মশুদ্ধির জন্য তার ধন-সম্পদ দান করে। [1]

[1] অর্থাৎ, যে ব্যক্তি নিজ মাল আল্লাহর হুকুম অনুযায়ী ব্যয় করে; যাতে তার অন্তর ও মাল পবিত্র হয়ে যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6076>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন